মডেল প্রশ্ন-৮

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট | বিষয় : হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা | পূর্ণমান-১০০

১। সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ : ১×৪০=৪০

১। ব্রাহ্মণ কীভাবে সংসার চালাতেন?
ক. পূজা করে খ. কীর্তন করে গ. উঞ্ছবৃত্তি করে ঘ. ধর্মকথা শুনিয়ে

২। প্রহ্লাদের পিতার নাম কী?
ক. হিরণ্যাক্ষ খ. সত্যব্রত গ. হিরণ্যকশিপু ঘ. গৌতমবুদ্ধ

৩। দশ অবতারের মধ্যে শ্রীকৃষ্ণের উল্লেখ না থাকার কারণ হলো–
ক. শ্রীকৃষ্ণ নিজেই ভগবান বলে খ. দুষ্কৃতকারীদের বিনাশ করেন বলে
গ. জগতের মঙ্গল করেন বলে ঘ. ঈশ্বরের করুণা কামনা করেন বলে

৪। নিরাকার উপাসনায় ভক্ত নিজের অন্তরে কাকে অনুভব করেন?
ক. ভগবানকে খ. প্রভুকে গ. ঈশ্বরকে ঘ. মহামায়াকে

৫। 'ক' সৎ পথে চলতে চায়। আর এর জন্য প্রয়োজন–
ক. বিশ্রাম করা খ. উপাসনা করা গ. খেলাধুলা করা ঘ. বেড়াতে যাওয়া

৬। আত্মা অমর হয় কীভাবে?
ক. নতুন দেহ ধারণ করে খ. পূজার কারণে
গ. দুর্গার কৃপায় ঘ. ভগবানের কৃপায়

৭। ব্রহ্মের অপর নাম কী?
ক. পরমাত্মা খ. নিরাকার গ. আরণ্যক ঘ. উপনিষদ

৮। বেদের আরেক নাম শ্রুতি কেন?
ক. শিষ্যরা গুরুর কাছে শুনে শুনে মনে রাখতেন তাই
খ. গুরুরা শিষ্যের কাছে শুনে মনে রাখতেন তাই
গ. বেদ বাণী শ্রুতিমধুর ছিল তাই ঘ. বাণীগুলো গানের মতো ছিল তাই

৯। জীব ও ঈশ্বরের সম্পর্ক কীরূপ?
ক. বিপরীতমুখী খ. নিবিড় গ. ক্রোধমূলক ঘ. সমমুখী

১০। কীভাবে ধর্মীয় সাম্যবোধ জাগ্রত হবে?
ক. জীবসেবায় খ. সর্বভূতে গ. দেশপ্রেমে ঘ. পূজা-অর্চনায়

১১। জীবের মধ্যে অবস্থানকারী ঈশ্বরকে কী বলে?
ক. আত্মা খ. পরমাত্মা গ. বিবেক ঘ. মন

১২। যেখানে জীব সেখানে কী?
ক. ঝগড়া বিবাদ খ. খুন-খারাবি গ. নারায়ণ ঘ. শিব

১৩। ব্রাহ্মণ কীভাবে সময় কাটাতেন?
ক. ভ্রমণ করে খ. গবেষণা করে
গ. কৃষিকাজ করে ঘ. ধর্মসাধনা ও বিদ্যাচর্চায়

১৪। 'ক' এ উপমহাদেশের একটি পবিত্র স্থান। 'ক' নির্দেশ করে–
ক. কুরুক্ষেত্রে খ. ধর্মক্ষেত্র গ. রণক্ষেত্র ঘ. যুদ্ধক্ষেত্র

১৫। অন্ত মানে কী?
ক. শুরু খ. শেষ গ. আরম্ভ ঘ. ভূমিকা

১৬। কে সর্বশক্তিমান?
ক. ঈশ্বর খ. বিষ্ণু গ. দেবতা ঘ. ঋষি

১৭। কোথা থেকে রাবণ সীতাকে হরণ করেন?
ক. গৃহ থেকে খ. মন্দির থেকে গ. পাঠশালা থেকে ঘ. বন থেকে

১৮। দ্বাপর যুগে শ্রীবিষ্ণু কীভাবে অবতীর্ণ হন?
ক. ব্রহ্মারূপে খ. আত্মারূপে গ. ঋষিরূপে ঘ. বলরামরূপে

১৯। 'সাকার' অর্থ কী?
ক. যার আকার আছে খ. যার আকার নেই
গ. যার শক্তি আছে ঘ. যার শক্তি নেই

২০। উপাসনার একটি অঙ্গ কী?
ক. স্নান করা খ. ধ্যান করা গ. জপ করা ঘ. প্রার্থনা করা

২১। 'হিন্দু' শব্দের উৎপত্তি কাদের দ্বারা?
ক. ইংরেজদের খ. পারসিকদের গ. বাঙালিদের ঘ. ভারতীয়দের

২২। 'সনাতন' শব্দের অর্থ কী?
ক. ক্ষণস্থায়ী খ. দীর্ঘস্থায়ী গ. ভঙ্গুর ঘ. চিরস্থায়ী

২৩। 'মোক্ষ' শব্দের অর্থ কী?
ক. সম্মুখে খ. মুক্তি গ. শক্তি ঘ. আসল

২৪। ধর্মগ্রন্থে কী থাকে?
ক. ধর্মের কথা খ. মর্মকথা গ. ইতিকথা ঘ. আদিকথা

২৫। গীতায় কয়টি অধ্যায় আছে?
ক. ১৬টি খ. ১৭টি গ. ১৮টি ঘ. ১৯টি

২৬। মুল পুরাণ কয়খানা?
ক. ১৬ খানা খ. ১৭ খানা গ. ১৮ খানা ঘ. ১৯ খানা

২৭। ধ্রুব বনে গিয়েছিল কেন?
ক. কাঠ কাটতে খ. পশু শিকার করতে
গ. ধ্যান করতে ঘ. হরিনামকে খুঁজতে

২৮। উপনিষদের আলোচ্য বিষয়ের ক্ষেত্রে তুমি কোনটিকে সমর্থন করবে?
ক. বিষ্ণু খ. শিব গ. ব্রহ্ম ঘ. জীবসেবা

২৯। স্বামী প্রণবানন্দ কখন জন্মগ্রহণ করেন?
ক. ২৬ জানুয়ারি ১৮৯৬ খ. ২৭ জানুয়ারি ১৮৯৬
গ. ২৮ জানুয়ারি ১৮৯৬ ঘ. ২৯ জানুয়ারি ১৮৯৬

৩০। বিনোদ বন্ধুদের নিয়ে কীর্তন দল গঠন করেন কেন?
ক. কীর্তন পছন্দ করতেন বলে খ. আনন্দ করার জন্য
গ. অর্থলাভের জন্য ঘ. ধর্মচর্চার জন্য

৩১। স্বামী প্রণবানন্দের প্রকৃত নামের ক্ষেত্রে তুমি কোনটিকে সমর্থন করবে?
ক. মার্গারেট খ. নেতাজি গ. বিনোদ ঘ. বিষ্ণুচরণ

৩২। মুসলমানরা সৃষ্টিকর্তাকে কী বলে?
ক. আল্লাহ খ. ঈশ্বর গ. ভগবান ঘ. গড

৩৩। মানুষ মানুষকে কিসের দৃষ্টিতে দেখবে?
ক. ভাইয়ের খ. আত্মীয়ের গ. সদভাবের ঘ. সমতার

৩৪। হিন্দুধর্মের বিশ্বাসের ক্ষেত্রে তুমি নিচের কোনটিকে সমর্থন করবে?
ক. সকল জীবের মধ্যে আত্মারূপে ঈশ্বর অবস্থান করেন
খ. সব জীবের মধ্যে বাহ্যিকভাবে আমাদের মাঝে ঈশ্বর আছেন
গ. ঈশ্বর সর্বকালের সর্বশক্তিমান ঘ. ঈশ্বরকে সেবা করলে ভগবান খুশি হন

৩৫। পাঠ্যবইয়ের শ্যামল আর শামীমার সম্পর্ককে তুমি কী হিসেবে চিহ্নিত করবে?
ক. সহপাঠী খ. খেলার সাথী গ. ভাইবোন ঘ. আত্মীয়

৩৬। কৌরবেরা কোন ধরনের ছিল?
ক. শান্ত প্রকৃতির খ. ভদ্র প্রকৃতির গ. দুষ্ট প্রকৃতির ঘ. কুপ্রকৃতির

৩৭। নবীন সব সময় জীবের সেবা করে। নবীনের সেবায় কে সন্তুষ্ট হবেন বলে তুমি মনে কর?
ক. মাতা-পিতা খ. গুরুজন গ. দেবতা ঘ. ঈশ্বর

৩৮। শরীর ও মনকে সুস্থ রাখার নাম কী?
ক. স্বাস্থ্য খ. সুস্থতা গ. স্বাস্থ্যবান ঘ. ব্যায়াম

৩৯। চলতি কথায় উপবাসকে কী বলে?
ক. অনাহার খ. অর্ধাহার গ. উপোস ঘ. অনশন

৪০। কোন আসন করলে থাইরয়েড ও স্নায়ুমণ্ডলী সতেজ হয়?
ক. পদ্মাসন খ. বজ্রাসন গ. গোমুখাসন ঘ. সর্বাঙ্গাসন

২। শূন্যস্থানের প্রযোজ্য শব্দ বা শব্দসমূহ উত্তরপত্রে লেখ : ১×১০=১০

ক. নম্র-ভদ্র আচরণকে ——— বলে।
খ. শিষ্টাচার ধর্মের ———।
গ. নৈতিক গুণ হিসেবে শিষ্টাচার ——— প্রয়োজনীয়তা রয়েছে।
ঘ. অন্যের যুক্তিযুক্ত মতকে শ্রদ্ধা করা বা মেনে নেওয়াকে বলে ———।
ঙ. পরমতসহিষ্ণুতা সংহতির একটি ———।
চ. ঈশ্বরের আরেক নাম ———। ছ. ——— ঈশ্বর।
জ. ব্রাহ্মণ ——— করে খাবার সংগ্রহ করতেন।
ঝ. ব্রাহ্মণ ধর্মসাধনা ও ——— সময় কাটাতেন।
ঞ. জীবকে ——— সেবা করব।

৩। নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে উত্তরপত্রে লেখ (যোগ্যতাভিত্তিক ৫টি) : ১×১০=১০

ক. জীব বলতে কী বোঝ? খ. রাম কেন বনে গমন করেছিলেন?
গ. জন্মান্তর কাকে বলে? ঘ. নারদকে দেখে শ্রীকৃষ্ণ দাঁড়ালেন কেন?
ঙ. পাণ্ডবেরা বেঁচে গিয়ে কোথায় বাস করতেন?
চ. আহার বলতে কী বোঝায়?
ছ. দেশপ্রেমিক কীভাবে দেশের স্বাধীনতাকে রক্ষা করেন?
জ. দরিদ্র ব্রাহ্মণের ঘরে কে কে আছে?
ঝ. ব্রাহ্মণ কী করে সংসার চালাতেন?
ঞ. কখনো কখনো অশুভ শক্তির কাছে কী পরাজিত হয়?

৪। ক, খ, গ ও ঘ সহ যেকোনো ৮টি প্রশ্নের উত্তর লেখ : ৫×৮=৪০

ক. স্বাধীনতা যুদ্ধে মৃত্যু হলে মানুষ মরেও অমর হয়ে থাকে।– ব্যাখ্যা কর।
খ. ঈশ্বরের শক্তির প্রকাশ ঘটেছে কীভাবে?
গ. স্বপন দরিদ্র হওয়া সত্ত্বেও অতিথি সেবা করতে পছন্দ করে।– এর কারণ লেখ।
ঘ. মৎস্য অবতারের সংক্ষিপ্ত বর্ণনা দাও।
ঙ. ঈশ্বর ও দেবদেবীর সম্পর্ক ব্যাখ্যা কর।
চ. নিত্যকর্ম কী? যেকোনো তিনটি নিত্যকর্মের বর্ণনা দাও।
ছ. বশিষ্ঠ কীভাবে বিশ্বামিত্রকে আপ্যায়ন করলেন?
জ. যোগব্যায়াম কাকে বলে বুঝিয়ে লেখ।
ঝ. ব্রাহ্মণকে অতিথি ব্রাহ্মণ এসে কী বলেছিলেন?
ঞ. সকল ধর্মের মূলকথা কী?

Teachingbd.com

উত্তরমালা

১। ১। গ; ২। গ; ৩। ক; ৪। গ; ৫। খ; ৬। ক; ৭। ক; ৮। ক; ৯। খ; ১০। খ; ১১। ক; ১২। ঘ; ১৩। ঘ; ১৪। ক; ১৫। খ; ১৬। ক; ১৭। ঘ; ১৮। ঘ; ১৯। ক; ২০। ঘ; ২১। খ; ২২। ঘ; ২৩। খ; ২৪। ক; ২৫। গ; ২৬। গ; ২৭। ঘ; ২৮। গ; ২৯। ঘ; ৩০। ক; ৩১। গ; ৩২। ক; ৩৩। ঘ; ৩৪। ক; ৩৫। ক; ৩৬। গ; ৩৭। ঘ; ৩৮। ক; ৩৯। গ; ৪০। ঘ.।

২। (ক) শিষ্টাচার; (খ) অঙ্গ; (গ) পালনের; (ঘ) পরমতসহিষ্ণুতা; (ঙ) সূত্র; (চ) পরমাত্মা; (ছ) জীবও; (জ) উঞ্ছবৃত্তি; (ঝ) বিদ্যাচর্চায়; (ঞ) ঈশ্বরজ্ঞানে।